# জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ আনোয়ারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।
তারিখ ঃ ১৬/০৭/২০২৪ খ্রি.।
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ১৩/০৬/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোডের জন্য সহকারী প্রোগ্রামার, কাউনিয়া, রংপুরের নিকট সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০৩ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পেটালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,অফিসার,উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে, (ক) গত ১৩/০৬/২০২৪খ্রি. উপজেলা পরিষদ সভায় কাউনিয়া উপজেলার গবাদি পশুর লাম্পি স্কিন রোগের স্থলে ক্ষুরা রোগের প্রতিরোধ ও প্রতিকারের জন্য ভ্যাক্সিনের আবেদন করা হয়েছিল এবং রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে চেক প্রদান করা হয়েছে। যা সংশোধনী প্রয়োজন।<br>(খ)জুন/২০২৪ মাসে কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৬৪১টি, বাছুর উৎপাদন হয়েছে ৩৬৫টি। ভ্যাক্সিন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় দুধ ৭৮৯১ মে:টন, মাংস ১০৪০.৫ মে:টন এবং ৩১ লক্ষ ডিম উৎপাদন হয়েছে। ১৬৭৯টি গবাদি পশু এবং ২৯৩৬টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক)উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার অফিসে খুড়া রোগে প্রতিরোধ ও প্রতিকারের ভ্যাক্সিনের জন্য ৭৫,০০০/- টাকা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদান করা হয়েছে। কিন্তু গত সভায় উপজেলা উন্নয়ন তহবিল হইতে সংশোধন করে রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হবে।<br>(খ)অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| জুন/২০২৪ | ১৭৬ | ৭৬ | সরবরাহ নাই | ০২ | ৫১ | ০১ | ০২ | ৩০৮ |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | (উপরের সারণি) ১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেন্স ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-**FPI**,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।<br>৬। বিভাগীয় মাসিক সম্বন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে,<br>(ক) কুর্শা ইউনিয়নে মীরবাগ ভূতছাড়া হাটে বহুতল মার্কেট নির্মাণের জন্য প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।<br>(খ) হারাগাছ ইউনিয়নের জামতলা/বকুলতলা হয়ে মরা তিস্তা ব্রীজ পল্লীমারী সড়কে চেইনেজ ০০মিটার হতে চেইনেজ ১০০মিটার রাস্তার উভয় পার্শ্বের অবৈধ স্থাপনা উচ্ছেদ করা প্রয়োজন।<br>(গ) বিগত কয়েক দিন পূর্বে অতিবৃষ্টি জনিত কারণে উপজেলার বিভিন্ন রাস্তায় পানি নিষ্কাশনের জন্য জরুরী ভিত্তিতে লোক নিয়োগ করে মেরামতের কাজ সম্পূর্ণ করা হয়েছে। যার শ্রমিকদের মজুরী প্রদান করা প্রয়োজন।<br>(ঘ) কাউনিয়া বালাপাড়া ইউপি টেপামধুপুর রোডে গাজীরহাট গামী চাদনী মার্কেট মফিজের চাতাল হয়ে শ্যামলের দোকান হতে (ওয়ার্ড নং ৮) পানি নিষ্কাশনের জন্য কালভাট করণ প্রকল্প =২,৫০,০০০/-টাকা আরএফকিউ মাধ্যমে প্রকল্প গ্রহণ করে উপজেলা উন্নয়ন খাত হতে ব্যয়ভার নির্মাণ করা প্রয়োজন। | (ক) কুর্শা ইউনিয়নে মীরবাগ ভূতছাড়া হাটে বহুতল মার্কেট নির্মাণের জন্য প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) হারাগাছ ইউনিয়নের জামতলা/বকুলতলা হয়ে মরা তিস্তা ব্রীজ পল্লীমারী সড়কে চেইনেজ ০০মিটার হতে চেইনেজ ১০০মিটার রাস্তার উভয় পার্শ্বের অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য চেয়ারম্যান, হারাগাছ ও স্থানীয় সার্ভেয়ারকে সহযোগিতার করার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) অতিবৃস্টি জনিত কারণে উপজেলার বিভিন্ন রাস্তায় পানি নিষ্কাশন ব্যবস্থার ব্যয়ের =২৫,০০০/- টাকার বিল ভাউচার মূলে উপজেলা উন্নয়ন তহবিল হতে বিল পরিশোধের চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ)কাউনিয়া বালাপাড়া ইউপি টেপামধুপুর রোডে গাজীরহাট গামী চাদনী মার্কেট মফিজের চাতাল হয়ে শ্যামলের দোকান হতে(৮নং ওয়ার্ড) পানি নিষ্কাশনের জন্য কালভাট করণ প্রকল্প =২,৫০,০০০/-টাকা উপজেলা উন্নয়ন খাত হতে ব্যয়ভার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ)বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, প্রতিনিধি(সকল) ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, উপজেলার বন্যা কবলিত এলাকার মানুষের উদ্ধার ও ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে একটি ডিঙ্গি নৌকা বরাদ্দ পাওয়া যায়। কিন্তু কোনো বরাদ্দ না থাকায় বন্যার সময় ত্রাণ কার্যক্রম পরিচালনাসহ অন্যান্য কাজে বন্যা কবলিত এলাকায় যাতায়াতের সমস্যা হচ্ছে। তিনি জ্বালানী তেলের জন্য ২০,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে বরাদ্দের জন্য আবেদন করেন। | সভায় এবিষয়ে আলোচনান্তে দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রাপ্ত ডিঙ্গি নৌকাটির জন্য জ্বালানী তেল বাবদ =২০,০০০/- টাকা রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় জুন/২৪ মাসের খাদ্য বিতরণ করা হয়েছে। নতুন অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে খাদ্য বিতরণ করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জুন/২৪ মাসে প্রতি ইউনিয়নে ২০ জন করে ও পৌরসভায় ৪০ জন মোট ১৬০ জনের নাম অনুমোদন পূর্বক প্রেরণ করা হয়েছে। এছাড়াও তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, বন বিভাগ, কাউনিয়া জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তঁর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | ডিজিএমকাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে,বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | জুন/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপা: তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২০। | মহিলা ভাইস চেয়ারম্যান জনাবা মোছাঃ রওশনারা ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের রুম ০২টি টাইলস করার জন্য অনুরোধ জানান। | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ০২টি রুমে প্রাক্কলণ করে আরএফকিউ মাধ্যমে টাইলস করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাক্কলিত অর্থ উপজেলা রাজস্ব তহবিল (বাসাবাড়ী)খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

বিবিধ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়ণে |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,স্বপন কুমার রায়, পিতা- রাজেন্দ্রনাথ রায়, গ্রাম: বাহাগিলী মীরবাগ, কুর্শা ইউনিয়ন ১১/২০২২ খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা সিদ্ধান্ত ক্রমে জানুয়ারি/২৩ খ্রি. তারিখ জুন/২৪ খ্রি. তারিখ পর্যন্ত রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত হতে দৈনিক হাজিরা ভিত্তিক মাসে =৮,০০০/-টাকা করে মোট=১৮মাস মাসে =১৪৪,০০০/-(এক লক্ষ চুয়াল্লিশ হাজার)টাকা প্রদান করা হয়েছে। যা বিধি সম্মত নহে। তিনি উক্ত প্রদানকৃত সমুদয় টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে ,স্বপন কুমার রায়, ৩টি বয় উপজেলা স্বাস্থ্য কমপেক্স, কাউনিয়া, রংপুরের জানুয়ারি/২৩ হতে জুন/২৪ মোট ১৮ মাসের রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে প্রদানকৃত =১,৪৪,০০০/-টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুর। |
| ২। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদে ৩২টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়, কিন্তু সাম্প্রতিক ঝড় বৃষ্টিতে বেশ কয়েকটি ক্যামেরা বজ্রপাতে পুড়ে গেছে এবং ক্যাবল/তার, অন্যান্য জিনিস ক্রয় ও মেরামত করা একান্ত প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হলে অতিবৃষ্টি ঝড়ে এবং বজ্রপাতে নষ্ট হওয়া সিসি ক্যামেরাগুলি ও তার ক্রয় ও মেরামতের ব্যবস্থা করে রাজস্ব তহবিল ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে ভাউচারমূলে বিল মেরামত কারিকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুর। |
| ৩। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, টেপামধুপুর ইউনিয়নে ২০২৩২৪ অর্থ বছরে ভিজিডি চক্র মাসের চাল বিতরণে অনিয়ম হয়েছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। ০৩(তিন)সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠণ করে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে টেপামধুপুর ইউনিয়নে ২০২৩২৪ অর্থ বছরে ভিজিডি চক্র মাসের চাল বিতরণে অনিয়মে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে কমিটি আগামী সভায় উপস্থাপন করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুর ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, কাউনিয়া, রংপুর। |
| ৪। | উপজেলা পরিষদের অডিটরিয়ামটি বর্ষায় রং নষ্ট হওয়ায় বহি:পার্শ্বে রং করা প্রয়োজন। তিনি সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে আলোচনার পর উপজেলা পরিষদের অডিটরিয়ামটির বাহিরের চতুর্দিকে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলণ প্রস্তুত করে আরএফকিউ মাধ্যমে রং করে উপজেলা রাজস্ব তহবিল(বাসাবাড়ী)খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া ও সভাপতি, উপজেলা পরিষদ সভা কমিটি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কাউনিয়া উপজেলা পরিষদের উন্নয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া সকল বিষয়ে আলোচনার মাধ্যমে বাস্তবায়নে সংশিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।৭।২৪

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ৬৭৬/১ তারিখঃ ১৩/০৮/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ..............................................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ..................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
১৩/০৮/২৪
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১